আল্লাহ্ তা‘আলার ভয়ে যে লোক ক্রন্দন করে তার জাহান্নামে যাওয়া এরূপ অসম্ভব যেমন দোহন করা দুধ আবার পালানের মধ্যে ফিরে যাওয়া অসম্ভব।

আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর ভয়ে যে লোক ক্ৰন্দন করে তার জাহান্নামে যাওয়া
এরূপ অসম্ভব যেমন দোহন করা দুধ আবার পালানের মধ্যে ফিরে যাওয়া অসম্ভব। আর আল্লাহ তা'আলার পথের ধুলা এবং জাহান্নামের ধোঁয়া কখনও একত্র হবে না।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানিয়েছেন যে, যে ব্যক্তি আল্লাহর ভয়ে ক্রন্দন করে সে জাহান্নামে প্রবেশ করবে না। কারণ, ভয়ের সাধারণ দাবী হলো, নির্দেশ মান্য করা ও গুনাহ ছেড়ে দেওয়া। “দোহন করা দুধ আবার পালানের মধ্যে ফিরে যাওয়া” এটা অসম্ভবের সাথে শর্ত আরোপ করার পর্যায়ভুক্ত। কোনো বান্দার ক্ষেত্রে আল্লাহর পথের ধুলা এবং জাহান্নামের ধোঁয়া কখনও একত্র হবে না। এরা উভয় যেন একটি অপরটির বিপরীত; কখনো একত্র হবে না, যেমন দুনিয়া ও আখিরাত একে অপরের বিপরীত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3778